স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পরীক্ষা, ২০১৭

# বাংলা

## ( সাম্মানিক )

( ষষ্ঠ ষাণ্মাসিক )

পাঠক্রম নং : BNGH–603

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক

ছাত্র-ছাত্রীদের BNGH–603 পত্রের হয় BNGH–603 (A) অথবা BNGH–603 (B)-এর প্রশ্নের উত্তর দিতে হবে

পাঠক্রম নং : BNGH–603 (A)

( সংস্কৃত সাহিত্য পরিচয় )

১। (ক) 'মহাভারত'-এর রচয়িতা কে? তাঁর মায়ের নাম কী? 'মহাভারত'-এর মোট পর্ব-সংখ্যা কয়টি? কুরু-পাণ্ডবের যুদ্ধ কোথায় সংঘটিত হয়েছিল? " 'রামায়ণ' কাব্য কিন্তু 'মহাভারত' ইতিহাস।" উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+১+১+১০=১৪



(Contin

অথবা

(খ) ভাসের রচিত নাটকগুলির পুঁথির আবিষ্কর্তা কে? পুঁথিটি কোন্ হরফে লেখা? প্রাপ্ত পুঁথিতে কয়টি নাটক পাওয়া গেছে? ভাসের কোন্ নাটকটি শ্রেষ্ঠ বলে স্বীকৃত? ভাসের রচনাবলীর পরিচয় দাও। ১+১+১+১+১০=

২। (ক) বাণভট্টের পিতা-মাতার নাম কী? তিনি কার রাজসভায় সাদরে গৃহীত হন? বাণভট্টের কোন্ কাব্য ঐতিহাসিক কাহিনি অবলম্বনে রচিত? বাণভট্টের রচনাবলীর পরিচয় দাও। ২+১+১+১০=

অথবা

(খ) 'আর্যাসপ্তশতী' গ্রন্থে মোট কয়টি শ্লোক সংকলিত হয়েছে? কাশ্মীরী কবি বিল্হন রচিত লিরিক কাব্যটির নাম কী? কালিদাসোত্তর যুগের গীতিকাব্যের পরিচয় দাও। ১+১+১২=

৩। (ক) চতুর্বেদ থেকে চতুর্বিধ উপাদান গ্রহণ করে নাট্যসাহিত্য রচিত হয়েছে। কোন্ বেদ থেকে কি উপাদান গ্রহণ করা হয়েছে? ভারতীয় নাটকের ইতিহাসে 'কর্পূরমঞ্জরী' নাটকের বিশেষ অবস্থানের কারণ নির্দেশ করো। ৪+১০=

অথবা

(খ) মহাকবি কালিদাসের আবির্ভাবকাল নির্দিষ্ট করো। কালিদাসের 'মেঘদূত' কাব্যে চিরকালীন বিরহ-বেদনার যে প্রকাশ দেখা যায় তার একটি রূপচিত্র অঙ্কন করো। ২+১২

৪। টীকা লেখো (যে কোনো দুটি) : ৪×

সারিপুত্ত প্রকরণ; গীতগোবিন্দ ; হর্ষচরিত ; ভারবি।



( Contin

WWW.SRCOLLEGE.AC.IN

পাঠক্রম নং : BNGH-603 (B)

( লোকসাহিত্য )

১। (ক) লোকসাহিত্য বলতে কি বোঝ? লোকসাহিত্যের বিভিন্ন শাখা সম্পর্কে নাতিদীর্ঘ আলোচনা করো। ৩+১১=১৪

অথবা

(খ) পদ্ধতিবিদ্যা বলতে কি বোঝ? লোকসাহিত্যের সাহিত্যিক মূল্য সম্পর্কে আলোচনা করো। ৪+১০=১৪

২। (ক) গীতিকা ও ব্যালাডের সাদৃশ্য ও বৈসাদৃশ্যগুলোর উল্লেখ করো। 'ময়মনসিংহ গীতিকা' সংগ্রহ ও প্রকাশের ক্ষেত্রে কেদারনাথ মজুমদার, চন্দ্রকুমার দে ও দীনেশচন্দ্র সেন-এর অবদান বিষয়ে আলোচনা করো। ৪+১০=১৪

অথবা

(খ) পদ্মনাথ ভট্টাচার্য বিদ্যাবিনোদ সংগৃহীত 'মহুয়া' পালাটি কি নামে প্রকাশিত? জয়চন্দ্র কোন্ পালার চরিত্র? 'মলুয়া' পালার মলুয়া চরিত্রটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

৩। (ক) 'দৃষ্টান্ত বাক্য-সংগ্রহ'র সংকলক কে? এটি কত সালে প্রকাশিত? বাংলা ছড়া চর্চার ইতিহাসে রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান পর্যালোচনা করো। ১+১+১২=১৪

অথবা

(খ) বরাক উপত্যকার দুজন লোক-গবেষকের নাম লেখো। বরাক উপত্যকার ধাঁধাঁ অথবা প্রবাদ চর্চার ইতিহাস সম্পর্কে আলোচনা করো। ২+১২=১৪



WWW.SRCOLLEGE.AC.IN

৪। টীকা লেখো (যে কোনো দুটি) : ৪ ×

(ক) ডাক ও খনার বচন

(খ) বারোমাসি গান

(গ) ঘুমপাড়ানি ছড়া

(ঘ) পালঙ্ক সই

(ঙ) সুশীল কুমার দে

★★★

WWW.SRCOLLEGE.AC.IN